আজকের কাগজ

তারিখ 3. 1. AUG 1994

পৃষ্ঠা ৭ কলাম ২

33

## শুক্রবার তিন বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হবে

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কুমিল্লা, রাজশাহী ও যশোরের ১৯৯৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার ফলাফল আগামী শুক্রবার ২ সেপ্টেম্বর সকাল দশটায় সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র থেকে একই সঙ্গে প্রকাশিত হবে। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। স্কুলের প্রধান শিক্ষকগণকে সংশ্লিষ্ট, কেন্দ্র সচিবদের কাছ থেকে একই সময়ে স্ব-স্ব স্কুলের ফলাফল সংগ্রহ করার জন্যে অনুরোধ করা হয়েছে।

পরীক্ষার্থীরা তাদের স্ব-স্ব পরীক্ষাকেন্দ্র অথবা স্কুল থেকে ফলাফল জানতে পারবে। শিক্ষা বোর্ডসমূহের অফিসে কোন ফলাফল টানানো হবে না। বিজ্ঞপ্তি।